



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং-বিঅ-৬/৪৭৫৪/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৮১৭৩

তারিখ: ১০-০২-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০৩-০২-২০২২ তারিখের আবেদন (আইডি- (১২৬৬০))

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন সাতক্ষীরা পি. এন মাধ্যমিক বিদ্যালয়ের চলমান ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে প্রধান শিক্ষক এবং মাননীয় সংসদ সদস্য সাতক্ষীরা-০২ জনাব মীর মোস্তাক আহমেদ রবি বিভিন্ন অনিয়মের প্রেক্ষিতে একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

১০-০২-২০২২

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

০৪২১-৬৮৬৩৪

উপজেলা নির্বাহী অফিসার  
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।

সংযুক্তি: অভিযোগের ছায়ািলপি

নথি নং-বিঅ-৬/৪৭৫৪/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৮১৭৩ (৫)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

তারিখ: ১০-০২-২০২২

- ১। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৩। প্রধান শিক্ষক, সাতক্ষীরা পি. এন মাধ্যমিক বিদ্যালয়, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৪। অভিযোগকারী, মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-০২, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৫। অফিস নথি।

১০-০২-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

স্মারক নং :

শ্রেণিক :

প্রধান শিক্ষক/সম্পাদক,

দুরালাপনী : ০৪৭১-৬৩৩৮২

তারিখ : ২/২/২০২২

# সাতক্ষীরা পি, এন, (বহুমুখী) মাধ্যমিক বিদ্যালয়

স্থাপিত : ১৮৪৬ খ্রীঃ, চিরস্থায়ী স্বীকৃত ১৮৬২ খ্রীঃ EIIN-NO-118801

ডাকঘর : সাতক্ষীরা, জেলা-সাতক্ষীরা।

Email:satkhirapnsecondaryschool@gmail.com

কোড নং-৪৭৫৪

বরাবর,

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

বিষয় : সাতক্ষীরা পি.এন মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি শেখ শাফী আহমাদ কে অব্যহতি প্রদানে "মহামান্য হাইকোর্ট" রীট পিটিশন নং-৮৬/২২, তাং-০৩/০১/২০২২ এর আদেশ বাস্তবায়ন প্রসংগে।

জনাব,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক নিবেদন এই যে, সাতক্ষীরা পি.এন মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি শেখ শাফী আহমাদ কে অত্র বিদ্যালয়ের সভাপতি পদ হতে অব্যহতি প্রদানে মহামান্য হাইকোর্ট এর রীট পিটিশন নং-৮৬/২২, তাং-০৩/০১/২০২২ এর আদেশ বাস্তবায়ন করার জন্য সবিনয় অনুরোধ জ্ঞাপন করছি। উল্লেখ্য যে, ইতোপূর্বে সাতক্ষীরা-০২, সদর আসনের জাতীয় সংসদ সদস্য মহোদয় আপনার বরাবর ডিও লেটার প্রেরণ করেছেন। ডি.ও লেটারে সভাপতির জীবন বৃত্তান্তে উল্লেখিত বিষয়টি আমি সত্যতা স্বীকার করিতেছি এবং ইহার জন্য করজোড়ে ক্ষমা প্রার্থনা করিতেছি। উল্লেখ্য যে, যত বে-আইনী কাজই আমাকে দিয়ে সভাপতি চাপ প্রয়োগ করে কাজ হাসিল করেন। বর্তমানে অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে বে-আইনী ভাবে অফিস সহকারী সহ অন্যান্য কাজ আমি নিজে জ্ঞানে করি নাই সে মোতাবেক সাতক্ষীরা সদর থানায় একটি সাধারণ ডায়েরী করা হয় যার নং-১৮০২, তারিখ-২৮/০১/২০২২ ইং। ইহা ছাড়াও আদালতের অবমাননা করে বিভিন্ন মিটিং ও গুরুত্ব পূর্ণ সিদ্ধান্ত সমূহ গ্রহণ করছেন। বিদ্যালয়টিতে সভাপতির কারণে একাধিক মামলা হয়েছে এবং সভাপতির নামেও বিভিন্ন এজাহার হয়েছে। এমতাবস্থায় বিদ্যালয়ের উন্নয়ন সহ পাঠ পরিকল্পনা, পাঠদান ও সামগ্রিকভাবে স্কুলের আর্থিক ক্ষতি সাধন হইয়াছে বিধায় সভাপতি পদ হতে অব্যহতি প্রদানের জন্য জোর অনুরোধ জানাইতেছি।



উদয়গোপাল সরকার

ইনডেক্স নং-২১০৯৯৩

প্রধান শিক্ষক/সম্পাদক (ভারপ্রাপ্ত)

সাতক্ষীরা পি.এন.মাধ্যমিক বিদ্যালয়

সাতক্ষীরা।



# বাংলাদেশ জাতীয় সংসদ Bangladesh Parliament

মীর মোস্তাক আহমেদ রবি  
সংসদ সদস্য  
১০৬, সাতক্ষীরা-২  
robisroshni@gmail.com  
www.mp-robi.com

ডি.ও : সংসদ সদস্য দপ্তর/১০৬ সাত-২/২০২১/২৪০

তারিখ : ২৮/১০/২০২১ ইং।

প্রেরক :

জাতীয় সংসদ সদস্য  
সাতক্ষীরা।

প্রাপক :

চেয়ারম্যান  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।

বিষয় : সাতক্ষীরা পি.এন. মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি শেখ শাফী আহমাদ -কে সভাপতির পদ হইতে  
অব্যহতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, আমার নির্বাচনী এলাকা সাতক্ষীরা সদরের  
অন্তর্গত সাতক্ষীরা পৌরসভাধীন পি.এন. মাধ্যমিক বিদ্যালয়ের বর্তমান সভাপতি হিসাবে শেখ শাফী  
আহমাদ নথি নং-৩৭.১১.৪০৪১.৫০১.১.৬.২০.১ স্মারক পত্র মোতাবেক গত ১৯/০৩/২০২০ খ্রিঃ তারিখ  
যার আইডি নং- ৮২ থেকে দায়িত্ব পালন করছেন। কিন্তু বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির অধিকাংশ সদস্য  
গণ আমার নিকট লিখিত অভিযোগ করায় জানতে পারি যে, বর্তমান সভাপতি প্রায়ই সময় ঢাকাতে  
অবস্থান এবং স্বচ্ছচারিতা মূলক আচরণ করায় বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য এবং কর্মরত  
শিক্ষক-কর্মচারীদের সাথে রুঢ় আচরণ, দুর্ব্যবহার ও অকথ্যভাষায় গালিগালাজ করায় বিদ্যালয়ের  
পড়াশুনার পরিবেশ এবং বিশৃঙ্খলার সৃষ্টি হচ্ছে। ফলে বিদ্যালয়ের উন্নয়নমূলক কার্যক্রম সহ বিদ্যালয়  
পরিচালনার সার্বিক কার্যক্রম অচলাবস্থা দেখা দিয়েছে। উল্লেখ্য যে, সভাপতির জীবন বৃত্তান্ত ক্ষরমে  
স্বাক্ষরযুক্ত ফরমটিও জাল স্বাক্ষর করিয়া সংযুক্ত করা হয়েছে।

এমতাবস্থায় বর্তমান ম্যানেজিং কমিটির সভাপতির পদ থেকে শেখ শাফী আহমাদ-কে অব্যহতি  
দেওয়ার জন্য বিশেষ ভাবে সুপারিশ করছি।

সংযুক্ত : ০৮ পাতা।

ধন্যবাদান্তে

বীর মুক্তিযোদ্ধা মীর মোস্তাক আহমেদ রবি

সংসদ-সদস্য

১০৬ সাতক্ষীরা-২

বাংলাদেশ জাতীয় সংসদ

Follow us: @MirmushtaqueAh1

@robifanc